

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর  
www.dme.gov.bd

রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩,  
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা,  
ঢাকা-১০০০।

শিক্ষা নিয়ে গড়ব  
দেশ, শেখ হাসিনার  
বাংলাদেশ

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৩.০৫.০০২.১৮.৫৫২

তারিখ: ২৩ শ্রাবণ ১৪২৬

০৭ আগস্ট ২০১৯

বিষয়: ময়মনসিংহ জেলার ঈশ্বরগঞ্জ উপজেলাধীন উচাখিলা কারামতিয়া আলিম মাদ্রাসায় নব নিয়োগ প্রাপ্ত শিক্ষক জনাব মোহাম্মদ মো: আলা উদ্দিন-কে অধ্যক্ষ পদে এমপিওভুক্তকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

সূত্র: (১) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, ঈশ্বরগঞ্জ এর স্মারক

নং-৩৭.০২.৬১৩১.০০১.১৬.০০১.১৯/১২৫ তারিখ: ৩০.০৪.২০১৯ খ্রি:।

(২) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৩.০১.০১৪.১৮..২৩২ তারিখ: ০৪.০৪.২০১৯ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত জানানো যাচ্ছে যে, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ কর্তৃক সূত্রোক্ত ১নং স্মারকে বর্ণিত মাদ্রাসার নব নিয়োগ প্রাপ্ত অধ্যক্ষ জনাব মো: আলা উদ্দিন এর অনলাইনে এমপিও প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা চেয়ে একখানা পত্র এ অধিদপ্তরে প্রেরণ করা হয়।

০২. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ঈশ্বরগঞ্জ থেকে প্রাপ্ত পত্রে উল্লিখিত হয়েছে যে, বিষয়োক্ত মাদ্রাসার অধ্যক্ষ পদে নিয়োগ বিষয়ে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ঈশ্বরগঞ্জ-কে অবহিত করা হয়নি। উল্লেখ্য যে, আলিম তথা উচ্চ মাধ্যমিক পর্যায়ের মাদ্রাসার অধ্যক্ষ পদে নিয়োগ বিষয়ে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অবহিত করার বিষয়ে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক কোন বাধ্যবধকতা না থাকায় মাদ্রাসা কর্তৃপক্ষ কর্তৃক তাঁকে বিষয়টি অবহিত করা হয়নি মর্মে প্রতীয়মান হয়।

০৩. উল্লেখ্য যে, অধ্যক্ষ পদে নিয়োগের নিমিত্ত সূত্রোক্ত ২নং স্মারকে ডিজির প্রতিনিধি মনোনয়ন দেয়া হয়। পরর্তীতে ২৭.০৪.২০১৯ খ্রি: তারিখে নিয়োগ বোর্ড অনুষ্ঠিত হয়। নিয়োগ বোর্ডের সকল সদস্যের সম্মতিক্রমে অধ্যক্ষ পদে জনাব মো: আলাল উদ্দীনকে সুপারিশ করা হয় (কপি সংযুক্ত)। ২৭.০৪.২০১৯ খ্রি: তারিখে নিয়োগ বোর্ডের সুপারিশক্রমে বর্ণিত মাদ্রাসার গভর্নিং বডি কর্তৃক অধ্যক্ষ পদে জনাব মো: আলা উদ্দীনকে নিয়োগ পত্র প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয় (কপি সংযুক্ত)। সে মতে ৩০.০৪.২০১৯ খ্রি: তারিখের নিয়োগ পত্রের ভিত্তিতে জনাব মো: আলাল উদ্দীন ০৫.০৫.২০১৯ খ্রি: তারিখে বর্ণিত মাদ্রাসায় অধ্যক্ষ পদে যোগদান করেন (কপি সংযুক্ত)।

০৪. উপরিউক্ত বর্ণনা মতে বর্ণিত মাদ্রাসায় অধ্যক্ষ পদে জনাব মো: আলা উদ্দিন- এর নিয়োগ প্রক্রিয়া বিধি সম্মত হওয়ায় এ পদে এমপিওভুক্তির বিষয়ে কোন বাধা নেই মর্মে প্রতীয়মান হয়। বিধায় অধ্যক্ষ পদে জনাব মো: আলা উদ্দিন-এর এমপিওভুক্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা দরকার।

০৫. এমতাবস্থায় ময়মনসিংহ জেলার ঈশ্বরগঞ্জ উপজেলাধীন উচাখিলা কারামতিয়া আলিম মাদ্রাসার নব নিয়োগ প্রাপ্ত শিক্ষক জনাব মোহাম্মদ মো: আলাল উদ্দীনকে অধ্যক্ষ পদে বিধি মোতাবেক এমপিওভুক্তকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



৮-৮-২০১৯

মোঃ আফাজ উদ্দিন  
সহকারী পরিচালক


উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার  
ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৩.০৫.০০২.১৮.৫৫২/১

তারিখ: ২৩ শ্রাবণ ১৪২৬  
০৭ আগস্ট ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
- ২) উপ পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ময়মনসিংহ অঞ্চল (এমপিওভুক্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৩) জেলা শিক্ষা অফিসার, জামালপুর (এমপিওভুক্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৪) সভাপতি/অধ্যক্ষ, উচাখিলা কারামতিয়া আলিম মাদ্রাসা, ডাকঘর- উচাখিলা, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ (এমপিওভুক্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৫) অফিস, কপি



৮-৮-২০১৯

মোঃ আফাজ উদ্দিন  
সহকারী পরিচালক